

"পহেলা বৈশাখ"

-জুনায়েরাহ্ আমিন, ৪র্থ শ্রেণী (বলু)

লাল সাদায় ভরে গেছে উত্তরা পাড়া,  
সব জায়গায় শুধু খুশী আর মেলায় ভরা।  
ছেলে-মেয়েরা করছে কত খেলাধুলা,  
রসগোল্লা আর জিলাপিতে ভরে গেছে সব মেলা।  
আকাশেতে উড়ছে কত রঙিন রঙের ঘুড়ি,  
কত ছেলে নাটাই নিয়ে করছে কাড়াকাড়ি।  
বাচ্চারা মুখোশ পরে করে দুষ্টুমি,  
কে রহিম, কে করিম, চিনতে পারবেনা তুমি!  
এমন সময় বাউল বাজায় তার একতারা  
ঘরে ঘরে পায়েস-ফিরনি খাওয়ার তাড়া।  
কত বছর চলে গেলো এক ঝলকে  
এমন সময় দাদী ডাক দিলো, কি খাবি না?  
গরম পান্তা আর আমার হাতের রান্না করা  
ইলিশগুলোকে?

খাওয়া-দাওয়া শেষ করে খাবো কত মিষ্টি,  
বিকেল হতেই শুরু হলো, কালবৈশাখী বৃষ্টি!  
ঝড়ের হাওয়ায় আমার সব চুল উড়ে গেলো,  
এমন সময় বাড়ির সব বাতি নিভে গেল।  
এই সময় বাড়িতে আসলো অনেক অতিথি  
সাথে করে আনলো দই-চিড়া আর মুড়ি,  
সবাই পরেছে নতুন বছরের নতুন জামা-কাপড়  
আর বারান্দায় আওয়াজ হচ্ছে বৃষ্টি টাপুর-টুপুর।  
কত মজায় আর আড্ডায় কাটলো দিনটা সেটা  
শোনা যাক--

শেষ পর্যন্ত আবার ফিরে এলো পহেলা বৈশাখ,  
কিভাবে আর করবো উৎসাপন তাই দেখা যাক!